PG Odd Semester (CBCS) Exam., December 2018

BENGALI

(3rd Semester)

Course No. : BNGCC–301

(রবীন্দ্র সাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও।

ক—গুচ্ছ

১। '' 'চিত্রা' কাব্যের অব্যবহিত পূর্ববর্তী ও পরবর্তী কাব্যের নাম লেখো। 'জীবনদেবতা' কবিতা ছাড়া এই গুচ্ছের অন্যান্য কবিতায় রবীন্দ্রনাথের কবি ও ব্যক্তি জীবনের নিয়ন্ত্রক শক্তির নারীরূপ দেখি।'' প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে অভিমতটি পর্যালোচনা করো। ২+১২=১৪

২। 'চিত্রা' কাব্যগ্রন্থটি কবে প্রথম প্রকাশিত হয়? এই কাব্যে সর্বমোট কয়টি কবিতা আছে? ''বিচিত্ররূপিনী ও অন্তরবাসিনী—রবীন্দ্রনাথের ভাবনায় বিশ্বব্যাপী সৌন্দর্যের দ্বৈতরূপের সামগ্রিক উপলব্ধি 'চিত্রা' কবিতায় স্পষ্ট।'' আলোচনা করো। ১+১+১২=১৪

খ—গুচ্ছ

৩। 'গোরা' উপন্যাস কত সালে প্রকাশিত হয়েছিল? গোরা গঙ্গাস্নান করতে কোথায় গিয়েছিল? 'গোরা' উপন্যাসকে মহাকাব্যিক উপন্যাস বলা যায় কিনা, আলোচনা করো। ১+১+১২=১৪

৪। গোরার প্রকৃত নাম কি? '' জীবনবোধের আধুনিকতায়, চরিত্র সৃজনের সমগ্রতায়, বিশাল দেশ-কালের পরিপ্রেক্ষিতে ঘটনাবিন্যাসের শিল্পকলায়, অর্থনৈতিক পরিস্থিতির উপস্থাপনায়, লোকজীবন অভিজ্ঞতার সূক্ষ্মতায় 'গোরা' বাংলা সাহিত্যে যেমন একক তেমনি অনতিক্রান্ত।'' সমালোচকের এই মন্তব্যটি যথার্থ কিনা, আলোচনা করো। ১+১৩=১৪

গ—গুচ্ছ

৫। 'ডাকঘর' প্রকাশিত হবার পর রবীন্দ্রনাথের কোন্ নাটকটি গ্রন্থাকারে প্রকাশিত হয়? ''অমল চরিত্রের মধ্যেই এই নাটকের উপজীব্য বিষয় লুকিয়ে আছে।'' এই অভিমতের যাথার্থ্য বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

৬। সাংকেতিক নাটক কাকে বলে? 'ডাকঘর'-এর চরিত্রগুলি যেমন সাংকেতিক, নামকরণও তেমনি সংকেতবহ, আলোচনা করো। ৩+১১=১৪

ঘ—গুচ্ছ

৭। 'কালান্তর' এবং 'সভ্যতার সংকট' প্রবন্ধ দুটির সাময়িকপত্রে প্রথম প্রকাশকাল লিপিবদ্ধ করো। ইংরেজ সান্নিধ্যে ভারতীয়দের চৈতন্যলোকে যে পর্বান্তরের সূচনা হয়েছিল তার স্বরূপ আলোচনা করো। প্রসঙ্গত, প্রবন্ধ দুটিতে সাম্রাজ্যবাদী ইউরোপের যে সমালোচনা রবীন্দ্রনাথ করেছেন, সংক্ষেপে তার পরিচয় দাও। ২+৫+৭=১৪

৮। *Political Philosophy of Rabindranath* গ্রন্থটি কার লেখা? কত খ্রিষ্টাব্দে এটি প্রকাশিত হয়? ''সরকারবাহাদুর নামক একটা অমানবিক প্রভাব ছাড়া আমাদের অভাব নিবারণের আর কোনো উপায় আমাদের হাতে নেই, এইরকম ধারণা মনে বদ্ধমূল হতে দেওয়াতেই আমরা নিজের দেশকে নিজে যথার্থভাবে হারাই।'' এই মন্তব্যের আলোকে রবীন্দ্রনাথের দেশ-চেতনা ও স্বরাজভাবনার স্বরূপ বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

ঙ—বিভাগ

৯। 'গল্পগুচ্ছ'-এর কয়টি খণ্ড রয়েছে? 'গল্পগুচ্ছ' ব্যতিরেকে রবীন্দ্রনাথের দুটি গল্পগ্রন্থের নাম লেখো। ''আমার যে নিরন্তর ভালবাসার দৃষ্টি নিয়ে আমি পল্লীগ্রামকে দেখেছি, তাতেই তার হৃদয়ের দ্বার খুলে গিয়েছে।'' পাঠ্যগল্পের আলোচনায় লেখকের এই মন্তব্যটি বিশ্লেষণ করো। ১+২+১১=১৪

১০। 'গল্পগুচ্ছ'-এর ২য় খণ্ড কত সালে প্রকাশ পায়? এই পর্বের কিছু কিছু গল্পে ''কেবল মানুষের অন্তর্জীবনের ছায়া নয়, নানা সামাজিক ও রাজনৈতিক সমস্যার ছায়াপাত লক্ষণীয়।'' এই নতুন ভঙ্গি ও দৃষ্টি কিভাবে চিরাচরিত সংস্কারবোধকে দ্বিধাদীর্ণ করে ছোটগল্পের আধুনিকতার সিদ্ধি ঘটায়, পাঠ্যগল্প অবলম্বনে আলোচনা করো। ১+১৩=১৪

★★★